---------- Forwarded message ---------
From: EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH <edsb@italbangla.net>
Date: 6 October 2024 at 01:09:03 +06:00
Subject: ইতালীতে দক্ষ - উচ্চ দক্ষ কর্মীদের কর্মসংস্থানের লক্ষ্যে Language – Professional – Safety – Customs প্রশিক্ষনের এবং টেকনিক্যাল ইন্টার্নশিপ প্রশিক্ষণার্থীদের PRE DEPARTURE TRAINING PROGRAM বাস্তবায়নের লক্ষ্যে একটি সমঝোতা স্মারকের প্রস্তাব।
To: saifulhc@yahoo.com
Cc: dg@bmet.gov.bd, adgemployment@bmet.gov.bd, ad.demodhaka@gmail.com

বরাবর

জনাব সাইফুল হক চৌধুরী
এডিশনার সেক্রেটারী
প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রনালয়
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আসসালামুয়ালাইকুম।
যথাবিহিত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে,
আমি ইতালীর সংগঠন ১৯৯২ সালে প্রতিষ্ঠিত **ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি**র প্রতিষ্ঠাতা ও সভাপতি হিসাবে ইতালীতে গত ৩২ বছরে ধরে ইতালীয় মাইগ্রেশন নিয়ে কাজ করে আসছি। ২০০২ সাল হতে **বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি**র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হিসাবে বাংলাদেশে দায়ীত্ব পালন করে আসছি।

আমাদের গত ২০০১ সাল হতে বাংলাদেশের কর্মবাজার৷ ইউরোপে সম্প্রসারনের লক্ষে নিরলশ ভাবে কাজ করে আসছি। ২০০৩ সাল হতে ইতালী কর্মবাজারের সাথে বাংলাদেশীদের সম্পৃক্ত করার লক্ষ্যে ইতালী ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদনে আমরা দুইটি উদ্দোক্তার ভুমিকা পালন করেছি। আমাদের প্রচেষ্টার সুফল হিসাবে ইতালীতে গত ২১ বছরে ইতালীতে প্রায় দুই লাখ বৈধ অভিসান ও কর্ম সংস্থান হয়েছে। যার মাধ্যমে **ইতালী হতে বাংলাদেশীরা বছরে প্রায় ১.২ বিলিয়ন ইউরো রেমিটেন্স** প্রেরন করেন।

**বর্তমানে ২০২৩-২০২৪ সালে প্রায় এক লাখ অভিবাসী কর্মী ভিসা পাবার অপেক্ষামান রয়েছে** যা আপনারা অবগত আছেন। অপেক্ষামান ভিসা প্রার্থীদের সমস্যা সমাধান করা গেলে আগামী বছরে ইতালী হতে রেমিটেন্স ২ বিলিয়নে উন্নতি হবে বলে আমরা বিশ্বাস করি।

বর্তমানে ইতালী সহ ইউরোপীয় ইউনিয়েনের ২৭টি দেশে প্রায় এক কোটি কর্মীর সংকট রয়েছে। বাংলাদেশী কর্মীদের ব্যপক চাহিদা থাকার পরেও বর্তমানে প্রায় সকল দেশে এই বিশাল কর্মী সংকটের বাজারে বাংলাদেশী কর্মীদের ভিসা প্রদান করা হয় না। আমরা মনে করি নিম্নলিখিত সমস্যা গুলির সমাধানে বাংলাদেশ সরকারের পক্ষ হতে জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহনের জন্য উপস্থাপন করছি :

১) ইতালীতে জনশক্তি প্রেরনের চলমান পদ্ধতি ও ইউরোপিয়ান ইউনিয়নের Pre Departure Training Program এবং Talent Partnership Program এর সাথে বাংলাদেশ সরকারের ও জনশক্ত�� রফতানীর প্রক্রিয়ার সাথে যারা জড়িত তাদের কোন সমন্বয় নেই। ইউরোপীয় শ্রমশক্তি আমদানীর নীতিমালার অনুসরন করে **বাংলাদেশের জন শক্তি রফতানীর ক্ষেত্রে ভাষাগত দক্ষতা নুন্যতম কারিগরি প্রশিক্ষন ছাড়া বাংলাদেশ হতে কাউকে ইউরোপে পাঠতে অনুৎসাহিত করা এবং BMET কর্তৃক ছাড়পত্র না দেয়া।**

২) হিউম্যান ট্রাফিকিং বা বডি কন্ট্রাকে শুধু ইউরোপে বর্ডার ক্রস প্রবেশ করিয়ে দেয়া চুক্তি যারা কর্মী পাঠায় সেগুলো রোধে কার্জকরী ব্যবস্থা গ্রহন করা।

৩) **সিজনাল অথাবা স্বল্পমেয়াদী ভিসায় কাজে যেতে চাইলে তাদের মেয়াদান্তে দেশে ফিরে আসার বাধ্যবাধকতা তৈরী করা বা এই বিষয়ে বাংলাদেশী নাগরিকদের ফিরে আসা অথবা ফিরিয়ে আনার দায়ীত্ব গ্রহন করা।**

**৪) স্বল্পমেয়াদী ভিসায় ইউরোপে যাবার পরে এক দেশ হতে অন্য দেশে অবৈধ ভাবে স্থানান্তিতর রোধে সচতেনতা তৈরী করা, প্রয়োজনে তা রোধে আইনী ব্যবস্থা গ্রহন।**

৫) ইউরোপীয় ইউনিয়নের দেশগুলি ভিসা প্রাপ্তর ক্ষেত্রে ভারতে গিয়ে ভিসা সংগ্রহ করা প্রক্রিয়া বন্ধ করো EU ভুক্ত ২৭টি দেশের ভিসা একটি ঢাকায় EU VISA CENTER প্রতিষ্ঠা করতে তাদের সাথে আলোচনা করা।

আমরা বাংলাদেশে ইতালী সরকারের শ্রম মন্ত্রনালয় অনুমোদনক্রমে পররাষ্ট্র মন্ত্রনালয়, ইতালীয়ান দূতবাসের অনুমোদিত, ইতালীয়ান এমপ্লয়ার ও কারিগরি প্রশিক্ষন প্রতিষ্ঠান ও বাংলাদেশে আমাদের পার্টনার গ্রীনল্যান্ড ট্রেনিং সেন্টার এর সাথে যৌথ ভাবে **PRE DEPARTURE TRAINING PROGRAM** এর পাইলট প্রকল্প **BANGLA DREAM** পরিচালনা করছি। ইতিমধ্যে আমরা প্রশিক্ষন

কার্জক্রম এর চুড়ান্ত পর্জায়ে। ইতি মধ্যে আমাদের প্রশিক্ষত কর্মীবৃন্দ ইতালী যাবার জন্য ভিসা লাভ করা শুরু করেছে। আশা করছি আমাদের প্রথম প্রকল্পর জন্য ১০০ জন কর্মী আগামী ডিসেম্বর মাসের মধ্যে তাদের কাজের গন্তব্য স্থলে যোগ সক্ষম হবে।

গত ১৪ই সেপ্টেম্বর BMET দফতরে মাননীয় উপদেষ্টা জনাব আসিফ নজরুলের সাথে এই বিষয়ে সাথে প্রাথমিক আলোচনার পরে **EU-BANGLADESH TALENT PARTNERSHIP** ও **ইতালী অভিবাসন প্রত্যাসী এক লাখ অভিবাসীদের ভিসা সংক্রান্ত চলমান সমস্যা নিরসনে** আপনার দিক নির্দেশনায় ও সহযোগীতা ক্রমে প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের সংস্লিস্ট কর্মকর্তাদের সাথে গত ২৩ সেপ্টেম্বর একটি সভা অনুষ্ঠিত হয়। একই সাথে BMET মহা পরিচালক, বিভিন্ন বিভাগীয় পরিচালক, BOESL ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক, ব্যবস্থাপক এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি বুরো কর্মকর্তা সহ প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের বিভিন্ন প্রর্জায়ে কর্মকর্তাদের সাথে আলোচনা সুযোগ হয়েছে। তাদের পক্ষ হতে একটি সমঝোতা স্বারক প্রস্তাব করা হয়েছে।

এমত অবস্থায় **ইতালী ও ইউরোপে প্রায় এক কোটি কর্মী ঘাটতি বাজারে** দ্রততার সাথে আমাদের সক্ষমতা বাড়াতে পা¡লে তার **সুফল পাবে বাংলাদেশের লাখ লাখ যুব-তরুন সমাজ** যারা ইউরোপের উন্নত কর্মজগতে বিপুল আয়ের সুযোগ পাবে এবং বাংলাদেশ পাবে বাড়তি রেমিটেন্স আয় যা আগামী কয়েক বছরে আরো কয়েক বিলিয়ন বৃদ্ধি হতে পারে।

আমরা বিশ্বাস করি **PRE-DEPARTURE TRAINING PROGRAM ও EU-BANGLADESH TALENT PARTNERSHIP** এর আওতায় ইতালীর ইউরোপীয় ২৭টি দেশে রাষ্ট্রিয় মাইগ্রেশন নীতির আওতায় **আগামী পাচ বছরে ১০ লাখ কর্ম সংস্থান সম্ভব।**

এ লক্ষ্য সামনে রেখে ইতালীতে দক্ষ - উচ্চ দক্ষ কর্মীদের কর্ম সংস্থানের লক্ষ্যে **Language – Professional – Safty – Customs** প্রশিক্ষনের এবং টেকনিকাল ইন্টার্নশিপ প্রশিক্ষণার্থীদের **PRE DEPARTURE TRAINING PROGRAM** কর্মসূচির বাস্তবায়নের জন্য সমঝোতা স্মারক প্রস্তাব সংযুক্ত আকারে প্রেরন করছি।

আমরা আশা করি আমাদের প্রস্তব গ্রহন করে সমঝোতা স্মারক পর্জালোচনা করে দ্রুত চুক্তিটি সম্পাদন করতে আপনার পক্ষ হতে প্রয়োজনী উদ্দ্যেগ গ্রহন করে দেশ ও জাতীর স্বার্থে আমাদের এই প্রচেষ্ঠা সফল করবেন।

সংযুক্ত ১) বাংলাদেশ থেকে প্রশিক্ষক, দক্ষ এবং উচ্চ দক্ষ কর্মীদের জন্য ভাষাগত, নিরাপত্তা, কাস্টম এবং প্রযুক্তিগত ইন্টার্নশিপ পেশাদার প্রশিক্ষণের জন্য প্রাক-প্রস্থান প্রশিক্ষণ কর্মসূচি বাস্তায়নে চুক্তি প্রস্তাব।

সংযুক্ত ২) ইতালী অভিবাসী কর্মীদের বাংলাদেশে ভিসা প্রাপ্ত জটিলতায় আইনী সহায়তা প্রস্তাব।

উল্লেখিত খসরা প্রস্তাব পর্জালোচনা করে তার উপর আপনার মুল্যবান মতামতের ভিত্তিতে তা চুড়ান্ত করন ও নীতিগত সিদ্ধান্ত গ্রহনের লক্ষ্যে সকল স্টেক হোলডারদের নিয়ে একটি সভার আহবান জানানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

বিনীত নিবেদক।

(শাহ মোহাম্মদ তাইফুর রহমান)
নির্বাহী পরিচালক
বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি, ঢাকা
ফোন : 01894619151

www.edsb.italbangla.net

**Expatriates Development society of Bangladesh**
House no. 13,Road no.-8, Block -D, Section-6, Mirpur Dhaka.
Telephone: +8801974885385

Email: edsb@italbangla.net